নিজের হেলথ্ রেকর্ড কিভাবে দেখবেন

সংস্করণ 4
এপ্রিল 2009-এ রচিত
পরিমার্জনের তারিখ ফেব্রুয়ারি 2012

এই লিফলেটটি কাদের জন্য?

এই লিফলেটটি তাদের জন্য যারা স্কটল্যান্ডে National Health Service (NHS) (ন্যাশনাল হেলথ্ সার্ভিস (এনএইচএস)) ব্যবহার করেন। বেসরকারি স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা ব্যবহারকারীরা তাদের হেলথ্ রেকর্ড দেখতে পারেন, কিন্তু এই লিফলেটটি বর্ণনা করে যে শুধুমাত্র NHS–এ এটি কিভাবে করা হয়।

এই লিফলেটটি কি সম্পর্কিত?

এটি আপনাকে জানায় যে:

- আপনার হেলথ্ রেকর্ড বলতে কি বোঝায়
- আপনার হেলথ্ রেকর্ড দেখার জন্য কিভাবে আবেদন করতে হবে
- কারা আবেদন করতে পারেন, এবং
- আপনার হেলথ্ রেকর্ড দেখার জন্য আপনার আবেদনের ফলাফলে আপনি সন্তুষ্ট না হলে কী করতে হবে।

এই লিফলেটটি কেন তৈরি করা হয়েছে?

আপনার হেলথ্ রেকর্ড দেখা ও এর একটি কপি পাওয়ার ক্ষেত্রে আপনার অধিকার ব্যাখ্যা করার জন্য এটি তৈরি করা হয়েছে।

আমার হেলথ্ রেকর্ড কোনগুলো?

এগুলো হচ্ছে রেকর্ড যাতে অন্তর্ভুক্ত রয়েছে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য এবং আপনি কোনো পরিচর্যা বা চিকিৎসা নিয়ে থাকলে সেই সম্পর্কিত তথ্য। এটি হতে পারে, যেমন, টেষ্ট ও স্ক্যানের ফলাফল, এক্স-রে অথবা NHS কর্মীদের লেখা বা তাদের কাছে লেখা চিঠি।

আমার হেলথ্ রেকর্ড কেন দেখবো?

আপনি যে চিকিৎসা নিয়েছেন সেই সম্পর্কে আপনি আরো জানতে চাইতে পারেন অথবা আপনার তথ্য সঠিক কিনা তা যাচাই করতে পারেন। সেগুলো দেখতে চাইবেন কিনা তা আপনার ইচ্ছা এবং এটি করার জন্য ফি নেয়া হতে পারে ।আমার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য কিভাবে ও কোথায় রাখা হয়?

আমার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য কিভাবে ও কোথায় রাখা হয়?

- আপনার রেকর্ড কাগজে লিখিত হতে পারে, কম্পিউটারে রক্ষিত হতে পারে অথবা উভয়টিই হতে পারে।
- NHS–এর বিভিন্ন অংশে রেকর্ড সংরক্ষণ করা হয়। উদাহরণস্বরূপ, আপনার GP Surgery (জিপি সার্জারি) এবং আপনি গিয়েছেন এমন যে কোনো হাসপাতাল আপনার সম্পর্কে রেকর্ড রাখতে পারে।

- আপনার রেকর্ড শুধুমাত্র একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত রাখা হতে পারে, তারপর সেগুলো ধ্বংস করে ফেলা হতে পারে। NHS কতদিন পর্যন্ত হেলথ্ রেকর্ড সংরক্ষণ করবে সেই সম্পর্কে তাদের নির্দেশনা রয়েছে। যদি আপনি এবিষয়ে আরো তথ্য চান, আপনার রেকর্ডগুলো যেখানে রক্ষিত আছে সেই স্থানের হেলথ্ রেকর্ডের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে কথা বলার জন্য অনুরোধ জানান। আপনার GP Surgery–তে এই ব্যক্তি হচ্ছেন সম্ভবত প্র্যাকটিস ম্যানেজার, এবং হাসপাতালে এই ব্যক্তি হচ্ছেন সম্ভবত রেকর্ডস্ ম্যানেজার।
- আপনার রেকর্ডগুলো হালনাগাদ রাখা গুরুত্বপূর্ণ। আপনার ব্যক্তিগত তথ্য (যেমন, আপনার ঠিকানা বা ফোন নম্বর) পরিবর্তিত হলে, অথবা আপনি দীর্ঘদিনের জন্য যুক্তরাজ্যের বাইরে গেলে NHS–এর কর্মীদেরকে তা আপনার জানানো উচিত।

আপনার Emergency Care Summary (জরুরি পরিচর্যার সংক্ষিপ্তসার)

স্কটল্যান্ডের অধিকাংশ রোগীরই এখন একটা Emergency Care Summary রয়েছে। এটি হচ্ছে আপনার স্বাস্থ্য সম্পর্কিত কিছু মৌলিক তথ্য যা আপনার GP Surgery বন্ধ থাকার সময় আপনার জরুরি চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হলে, অথবা আপনি accident and emergency (A&E) department (দুর্ঘটনা ও জরুরি বিভাগ)–এ গেলে সেখানকার কর্মীদেরকে সাহায্য করতে পারে।

আপনার Emergency Care Summary দেখার অধিকার আপনার আছে। যদি আপনি তা করতে চান, তাহলে আপনার GP–কে অথবা আপনার GP Surgery–র প্র্যাকটিস ম্যানেজারকে অনুরোধ করুন। এর জন্য আপনাকে কোনো ফি দিতে হবে না।

আরো তথ্যের জন্য, 'Your Emergency Care Summary – What does it mean for you?' লিফলেটটি দেখুন। আপনি এর একটি কপি আপনার GP Surgery থেকে, NHS Helpline (NHS হেল্পলাইনে)–এ 0800 22 44 88 নম্বরে ফোন করে, অথবা ইন্টারনেট থেকে (www.hris.org.uk) পেতে পারেন।

আমার হেলথ্ রেকর্ড দেখার জন্য আমি কিভাবে অনুরোধ জানাবো?

- আপনি আপনার রেকর্ড দেখতে পারেন এবং, আপনি চাইলে, আপনি একটি কপি পেতে পারেন।
- আপনি আপনার সবগুলো রেকর্ড দেখতে হবে না অথবা সবগুলোর কপি নিতে হবে না – আপনি শুধু কিছু অংশের জন্য অনুরোধ জানাতে পারেন। আপনি যা দেখতে চাইছেন তা চিহ্নিত করতে সাহায্য করার জন্য আপনাকে তথ্য দিতে হতে পারে।
- যদি আপনার পরিচর্যা প্রদানকারী NHS–এর কর্মীদের কোনো সদস্যকে আপনি অনুরোধ জানান, তাহলে তিনি আপনাকে আপনার রেকর্ডগুলো দেখাতে পারেন অথবা এটি করার জন্য আপনাকে আরেকদিন আসার অনুরোধ জানাতে পারেন। তবে, আপনি লিখিতভাবে অনুরোধ না জানালে কর্মীরা আপনাকে আপনার রেকর্ড দেখাতে বাধ্য নন।
- লিখিতভাবে অনুরোধ জানানোর জন্য, আপনার GP Surgery–র প্র্যাকটিস ম্যানেজার, বা হাসপাতালের রেকর্ডস্ ম্যানেজার অথবা NHS–এর অন্য যে সংগঠনে আপনার রেকর্ড রয়েছে তাদের কাছে একটি চিঠি পাঠান। চিঠিতে আপনাকে জানাতে হবে যে আপনি কি:
  - আপনার রেকর্ডগুলো শুধু দেখতে চান নাকি সেইসাথে একটি কপিও পেতে চান
  - আপনার সবগুলো রেকর্ড চান নাকি আপনার রেকর্ডগুলোর শুধু কিছু অংশ চান।
- আপনাকে একটি আবেদনপত্র পূরণ করতে হতে পারে এবং আপনার পরিচয়ের প্রমাণ দিতে হতে পারে।
- আপনার চাহিদা পূরণের জন্য আপনি আপনার রেকর্ড কোনো নির্দিষ্ট ফরম্যাটে পেতে চাইলে তা জানাবেন। যখনই সম্ভব হয় এটি করা হবে।
- আপনার হেলথ্ রেকর্ড দেখার জন্য আপনার কোনো কারণ জানানোর প্রয়োজন নেই।

আমার হেলথ্ রেকর্ড দেখার জন্য কে আবেদন করতে পারবে?

- সাধারণত আপনি আবেদন করতে পারবেন যদি আপনি বুঝতে পারেন যে আপনার রেকর্ড দেখতে চাওয়ার সাথে কী জড়িত রয়েছে।
- আপনার রেকর্ড দেখার জন্য অন্য কেউ আবেদন করতে পারেন যদি আপনি একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি হন এবং:
  - আপনি এতে সম্মতি দেন, অথবা
  - আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে না পারেন অথবা আপনার সিদ্ধান্ত অন্যদের জানাতে না পারেন। এই ক্ষেত্রে, কারো ওয়েলফেয়ার পাওয়ার অব অ্যাটর্নি অথবা ওয়েলফেয়ার গার্ডিয়ানশীপ অর্ডার থাকলে তিনি আপনার রেকর্ড দেখার জন্য অনুরোধ জানাতে পারেন।
- যদি আপনি একজন শিশু হন:
  - আপনার জন্য অভিভাবকত্বের দায়িত্ব রয়েছে এমন কেউ আপনার রেকর্ড দেখার জন্য অনুরোধ জানাতে পারেন, কিন্তু সাধারণত যদি আপনি এতে সম্মতি দেন তাহলেই কেবল তা সম্ভব
  - এতে কী জড়িত রয়েছে তা যদি আপনি বুঝতে না পারেন, তাহলে আপনার পিতা–মাতা, অভিভাবক, বা প্রধান পরিচর্যাকারী আপনার রেকর্ড দেখার জন্য অনুরোধ জানাতে পারেন।

যদি আমি আমার রেকর্ড দেখার জন্য অনুরোধ জানাই, তাহলে আমি কী দেখতে পাব?

- যদি আপনি রেকর্ডগুলো আপনার GP Surgery-তে বা হাসপাতালে দেখেন, তাহলে আপনি সেগুলো দেখার সময় কেউ একজন সম্ভবত আপনার সাথে থাকবেন। আপনি একটি কাগজের ফাইল, কম্পিউটার থেকে নেয়া কোনো প্রিন্ট বা কোনো ফটোকপি দেখতে পারেন।
- যদি আপনি একটি কপির জন্য অনুরোধ জানান, তাহলে আপনাকে কম্পিউটার থেকে প্রিন্ট নেয়া কাগজ বা ফটোকপি দেয়া হতে পারে।
- কোনো শব্দ আপনি বুঝতে না পারলে NHS কর্মীরা তা ব্যাখ্যা করে দেবেন।
- আপনার রেকর্ডের কিছু তথ্য আপনার কাছ থেকে গোপন রাখা হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি এমন কোনো তথ্য দেখতে পারবেন না যেগুলো:
  - আপনার বা অন্য কারো শারীরিক বা মানসিক স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি করতে পারে
  - অন্য কোনো ব্যক্তিকে শনাক্ত করে (NHS-এর কর্মী সদস্যরা ব্যতীত, যারা আপনার চিকিৎসা করেছেন), যদি না সেই ব্যক্তি তার অনুমতি দেয়।
- আপনার কাছ থেকে কোনো তথ্য লুকিয়ে রাখা হলে NHS -এর কর্মীরা আপনাকে তা জানাতে বাধ্য নন। যদি আপনার মনে হয় যে আপনার কাছ থেকে কোনো তথ্য লুকিয়ে রাখা হয়েছে এবং আপনি এতে অসন্তুষ্ট হন, তাহলে 4 পৃষ্ঠায় 'আমার হেলথ্ রেকর্ড দেখার জন্য আমার আবেদনের ফলাফলে আমি সন্তুষ্ট না হলে কী করবো?' দেখুন।
- যখন অন্য কেউ আপনার রেকর্ড দেখার জন্য অনুমতি পাবে, সেই ব্যক্তি সেই সব তথ্য পাবে না যেগুলো তাকে না দেয়ার জন্য আপনি NHS-এর কর্মীদেরকে জানিয়েছেন।

এতে কত খরচ পড়বে?

- কম্পিউটারে রক্ষিত হেলথ্ রেকর্ড দেখার জন্য আপনাকে £10 পর্যন্ত ফি দিতে হতে পারে।
- যদি আপনি সবগুলো রেকর্ড বা রেকর্ডের অংশবিশেষের কপি পেতে চান, তাহলে আপনাকে £50 পর্যন্ত ফি দিতে হতে পারে। ফি'র পরিমাণ নির্ভর করে রেকর্ডে কত তথ্য আছে এবং সেখানে যদি এক্স-রে এর মত ডকুমেন্টের কপি করতে হবে।
- যদি আপনার হেলথ্ রেকর্ডগুলো কাগজে থাকে এবং সেগুলো গত 40 দিনের মধ্যে যুক্ত করা হয়, তাহলে সেগুলো শুধুমাত্র দেখার জন্য আপনাকে কোনো ফি দিতে হবে না। কিন্তু সেগুলোর কোনো কপি নেয়ার জন্য আপনাকে ফি দিতে হবে।

আমি আবেদন করার পর, আমার রেকর্ডগুলো পেতে কী পরিমাণ সময় লাগবে?

আপনাকে ও আপনার রেকর্ডগুলোকে শনাক্ত করার মত পর্যাপ্ত তথ্য আপনি NHS কর্মীকে দেয়ার পর, এবং ফি পরিশোধের পর, আপনি 40 দিনের মধ্যে তথ্য পাবেন।

যদি আমি মনে করি যে আমার হেলথ্ রেকর্ডের তথ্যে ভুল রয়েছে তাহলে কী হবে?

যদি আপনি মনে করেন যে আপনার হেলথ্ রেকর্ডের তথ্যে ভুল রয়েছে, তাহলে আপনাকে পরিচর্যা প্রদানকারী NHS কর্মীদের একজন সদস্যের সাথে প্রথমে কথা বলুন। পরবর্তীতে কী ঘটবে তা নির্ভর করে তথ্যটি ভুল কিনা সেই সম্পর্কে NHS কর্মীদের সিদ্ধান্তের উপর।

- যদি তারা সিদ্ধান্ত নেন যে তথ্যে ভুল রয়েছে, তাহলে তারা সেটিকে এক দাগ দিয়ে কেটে দিয়ে সঠিক তথ্য লিপিবদ্ধ করবেন, যাতে অন্যরা তখনো তথ্যটি পড়তে পারে কিন্তু দেখতে পারে যে এটি সংশোধন করা হয়েছে। তারা আপনার রেকর্ডের সাথে একটি নোটও সংযুক্ত করবেন যাতে ব্যাখ্যা করা থাকবে কেন ওই তথ্যটি সংশোধন করা হয়েছে।
- যদি তারা সিদ্ধান্ত নেন যে তথ্যটি সঠিক, তাহলে তারা সেটি পরিবর্তন করবেন না। তবে, আপনি চাইলে আপনার রেকর্ডের সাথে একটি নোট সংযুক্ত করতে পারেন যাতে ব্যাখ্যা করা থাকবে কেন আপনি মনে করেন তথ্যটি সঠিক নয়।

সাধারণত, আপনার রেকর্ড থেকে কোনো তথ্য অপসারণ করা যাবে না, যদি না কোনো আদালত সেই আদেশ প্রদান করে। NHS কর্মীদের জন্য আপনার পূর্ণাঙ্গ রেকর্ড প্রয়োজন যাতে তারা আপনার পরিচর্যা ও চিকিৎসা সম্পর্কে নেয়া আগের সিদ্ধান্তগুলো বুঝতে পারেন।

আমি কি ক্ষতিপূরণ দাবি করতে পারি?

আপনি শারীরিক, মানসিক, বা আর্থিক ক্ষতির সম্মুখীন হলে ক্ষতিপূরণ দাবি করতে পারেন, যদি:

- আপনার রেকর্ডে ভুল তথ্য থাকে
- আপনার তথ্য দুর্ঘটনাক্রমে হারিয়ে যায়, ক্ষতিগ্রস্ত বা নষ্ট হয়, অথবা আপনার অনুমতি ছাড়া প্রকাশ করা হয়।

আমি কি এমন কারো হেলথ্ রেকর্ড দেখতে পারি যিনি মারা গিয়েছেন?

- 1 নভেম্বর 1991 তারিখের পরে তৈরি রেকর্ড দেখার জন্য আইন আপনাকে অনুমতি দেয়। তবে, কোনো ব্যক্তির মৃত্যুর পর সাধারণত তিন বছর পর্যন্ত তার তথ্য সংরক্ষণ করা হয়।
- আপনি সেই ব্যক্তির রেকর্ড দেখতে পারবেন শুধুমাত্র যদি আপনি তার ব্যক্তিগত প্রতিনিধি বা উইল কার্যকর করার জন্য ভারপ্রাপ্ত ব্যক্তি হন, অথবা ওই ব্যক্তির মৃত্যুর ফলে যদি আপনার ক্ষতিপূরণের কোনো দাবি থাকে। যদি আপনি ক্ষতিপূরণ দাবি করে থাকেন, তাহলে আপনি শুধুমাত্র সেই তথ্যগুলো দেখতে পারবেন যেগুলো দাবির সাথে সম্পর্কিত।
- আপনি সেই তথ্যগুলো দেখতে পারবেন না যেগুলো:
  - আপনার বা অন্য কারো শারীরিক বা মানসিক স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি করতে পারে
  - অন্য কোনো ব্যক্তিকে শনাক্ত করতে পারে (NHS–এর কর্মী সদস্যরা ব্যতীত, যারা উক্ত রোগীর চিকিৎসা করেছেন), যদি না সেই ব্যক্তি তার অনুমতি দেন।
- আপনি এমন কারো রেকর্ড দেখতে পারবেন না যিনি সুস্পষ্টভাবে জানিয়েছেন যে তার মৃত্যুর পর অন্য কেউ তার রেকর্ড দেখুক তা তিনি চান না।

আমার হেলথ্ রেকর্ড দেখার জন্য আমার আবেদনের ফলাফলে আমি সন্তুষ্ট না হলে কী করবো?

- আপনার রেকর্ডগুলো যেখানে রক্ষিত আছে সেই স্থানের হেলথ্ রেকর্ডের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে কথা বলার জন্য অনুরোধ জানান। আপনার GP Surgery–তে এই ব্যক্তি হচ্ছেন সম্ভবত প্র্যাকটিস ম্যানেজার, এবং হাসপাতালে এই ব্যক্তি হচ্ছেন সম্ভবত রেকর্ডস্ ম্যানেজার।
- তারপরও আপনি যদি সন্তুষ্ট না হন, তাহলে আপনি অভিযোগ জানাতে পারেন। এটি কিভাবে করতে হবে তা 'NHS সম্পর্কে অভিযোগ করা' নামক লিফলেটটি ব্যাখ্যা করে। এর কপি কোথায় পাওয়া যাবে তা জানার জন্য পৃষ্ঠা 6-7 দেখুন।
- যদি আপনি অভিযোগ করে থাকেন, কিন্তু NHS আপনার অভিযোগটি যেভাবে মোকাবেলা করেছে তাতে আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি Information Commissioner's Office (তথ্য কমিশনারের অফিস)–এ অভিযোগ জানাতে পারেন। আপনি শুধুমাত্র তখনই এটি করতে পারবেন যদি আপনি ইতিমধ্যেই NHS অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে থাকেন। Information Commissioner's Office–এর সাথে কিভাবে যোগাযোগ করতে হবে তা জানার জন্য পৃষ্ঠা 4 দেখুন।

কিভাবে আরো জানা যাবে

- এই লিফলেটের যে কোনো বিষয় সম্পর্কে আরো জানতে চাইলে, যোগাযোগ করুন:
  - আপনাকে পরিচর্যা প্রদানকারী NHS–এর একজন কর্মীর সাথে
  - NHS Helpline–এ 0800 22 44 88 নম্বরে ফোন করে (textphone (টেক্সটফোন) 18001 0800 22 44 88) হেল্পলাইনে ফোন করা ফ্রি এবং এটি দোভাষী পরিষেবার ব্যবস্থা করতে পারে
  - আপনার এলাকার citizens advice bureau (সিটিজেন্স এডভাইজ ব্যুরোতে) (আপনার নিকটতম ব্যুরোর সাথে যোগাযোগের বিবরণ www.cas.org.uk ওয়েবসাইটে অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন)।
  - **Information Commissioner's Office – স্কটল্যান্ড**
93–95 Hanover Street
Edinburgh EH2 1DJ
ফোন 0131 301 5071
ই–মেইল Scotland@ico.gsi.gov.uk
ওয়েবসাইট **www.ico.gov.uk**

- যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে না পারেন, অথবা অন্য কাউকে আপনার সিদ্ধান্ত জানাতে না পারেন, একে বলা হয় 'incapacity' (অক্ষমতা)। Adults with Incapacity (Scotland) Act (প্রাপ্তবয়স্কদের অক্ষমতা (স্কটল্যান্ড) সম্পর্কিত আইন) সম্পর্কে জানতে হলে, যোগাযোগ করুন:

  The Office of the Public Guardian (পাবলিক গার্ডিয়ান–এর অফিস)
  Hadrian House
  Callendar Business Park
  Callendar Road
  Falkirk FK1 1XR
  ফোন 01324 678 300
  ইমেইল opg@scotcourts.gov.uk
  ওয়েবসাইট www.publicguardian-scotland.gov.uk

- মানসিক অসুস্থতা বা মানসিক সমস্যায় আক্রান্তদের অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য Mental Welfare Commission for Scotland (মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর স্কটল্যান্ড) –এর এর সাথে যোগাযোগ করুন। Adults with Incapacity Act (প্রাপ্তবয়স্কদের অক্ষমতা সম্পর্কিত আইন) অনুযায়ী ব্যক্তির অধিকার সম্পর্কেও তাদের কাছ থেকে তথ্য ও পরামর্শ পাওয়া যাবে।

  Mental Welfare Commission for Scotland
  Thistle House
  91 Haymarket Terrace
  Edinburgh EH12 5HE
  ফোন 0131 313 8777
  সার্ভিস ব্যবহারকারী ও পরিচর্যা প্রদানকারীদের জন্য ফ্রি ফোন নম্বর **0800 389 6809**
  ওয়েবসাইট www.mwcscot.org.uk

- আইনটি কিভাবে শিশু ও তরুণদেরকে প্রভাবিত করে সেই সম্পর্কে আরো জানার জন্য, যোগাযোগ করুন:

  The Scottish Child Law Centre (স্কটিশ চাইল্ড ল' সেন্টারের সাথে)
  54 East Crosscausewa
  Edinburgh EH8 9HD
  তথ্য হেল্পলাইন **0131 667 6333**
  ফ্রিফোন নম্বর **0800 328 8970** (18 বছরের নিচের ছেলেমেয়েদের জন্য)
  টেক্সট–এর মাধ্যমে বিনামূল্যে জিজ্ঞাসা পরিষেবা: 'SCLC' লিখে তারপর আপনার প্রশ্ন লিখে **80800** নম্বরে পাঠিয়ে দিন (আপনার মোবাইল ফোনে টেক্সটের মাধ্যমে জবাব পাঠানো হবে)
  ইমেইল **enquiries@sclc.org.uk**
  ওয়েবসাইট **www.sclc.org.uk**

- যদি আপনি আপনার হেলথ্ রেকর্ড দেখতে চান এবং কোনো GP –র সাথে নিবন্ধিত না থাকেন, অথবা স্কটল্যান্ডে আর বসবাস না করেন, তাহলে NHS National Services Scotland (NHS ন্যাশনাল সার্ভিসেস স্কটল্যান্ড)–এর Practitioner Services Division (প্র্যাকটিশনার সার্ভিসেস ডিভিশন)–এর সাথে যোগাযোগ করুন:

  - অ্যাবার্ডিন (Aberdeen) অফিস – ফোন **01224 358 400**
  - এডিনবার্গ (Edinburgh) অফিস – ফোন **0131 537 8473**
  - গ্লাসগো (Glasgow) অফিস – ফোন **0141 300 1300**

স্বাস্থ্য অধিকার সম্পর্কিত তথ্য

- **NHS এবং আপনি** (**NHS and You**) ব্যাখ্যা করে আপনি NHS–থেকে কী আশা করতে পারেন, এবং NHS আপনার কাছ থেকে কী আশা করে।
- **গোপনীয়তা – এটি আপনার অধিকার** (**Confidentiality – it's your right**) ব্যাখ্যা করে যে NHS কিভাবে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত তথ্যকে সুরক্ষিত রাখে।
- **NHS সম্পর্কে অভিযোগ করা** (**Making a complaint about the NHS**) NHS–এর অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে কীভাবে অভিযোগ করতে হয় সেই সম্পর্কে আপনাকে জানাবে।
- সম্মতি - সম্মতি দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন আপনিই (**Consent – it's your decision**) ব্যাখ্যা করে যে আপনার স্বাস্থ্যসেবা ও চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার কিভাবে শরিক থাকা প্রয়োজন।
- **বিদেশি ভ্রমণকারীদের জন্য স্বাস্থ্যসেবা** (**Health care for overseas visitors**) হচ্ছে বিদেশি ভ্রমণকারীরা স্কটল্যান্ডে অবস্থান করার সময় NHS–এর কী কী পরিষেবা পাওয়ার অধিকার তাদের রয়েছে তা ব্যাখ্যা করা একরাশ তথ্যপত্র।

শিশু ও যুবদের জন্য তথ্য

- **সম্মতি – তোমার অধিকারসমূহ** (**Consent – your rights**) তোমার স্বাস্থ্য সেবা ও চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে তুমি কিভাবে জড়িত হবে তা ব্যাখ্যা করে।
- **গোপনীয়তা – তোমার অধিকারসমূহ** (**Confidentiality – your rights**) ব্যাখ্যা করে যে স্বাস্থ্য পরিষেবা কিভাবে তোমার তথ্য গোপনীয় রাখে।
- **তোমার মতামত জানাও! তোমার মতামত শোনানোর জন্য** (**Have your say! Your right to be heard**) তোমার অধিকার NHS সম্পর্কে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় বা অভিযোগ করতে হয় সেই সম্পর্কে তোমাকে জানায়।

পরিচর্যাকারীদের জন্য তথ্য

- **পরিচর্যা এবং সম্মতি** (**Caring and consent**) আপনি যে প্রাপ্তবয়স্ক ব্যক্তির পরিচর্যা করেন তার স্বাস্থ্যসেবা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার সম্পৃক্ত থাকার অধিকার সম্পর্কে ব্যাখ্যা করে (মে 2009 থেকে পাওয়া যাচ্ছে)।

আপনি এই তথ্য পেতে পারেন:

- GP surgeries, হাসপাতাল ও অন্যান্য জায়গা থেকে যেখানে আপনি NHS–এর সেবা পেয়ে থাকেন
- NHS Helpline–এ 0800 22 44 88 নম্বরে ফোন করে (textphone 18001 0800 22 44 88)
- **www.hris.org.uk**
- আপনার এলাকার citizens advice bureau (সিটিজেন্স এডভাইজ ব্যুরোতে) (আপনার নিকটতম ব্যুরোর সাথে যোগাযোগের বিবরণ www.cas.org.uk ওয়েবসাইটে অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন)।

অনুগ্রহ করে আপনার মতামত দিন!

আমরা জানতে চাই আপনি এই লিফলেটটি সম্পর্কে কি ভাবছেন।

অনুগ্রহ করে আমাদেরকে আপনার মতামত জানান:

- ডাকযোগে নিচের ঠিকানায়: HRIS, Consumer Focus Scotland, **FREEPOST GW5277** , Glasgow G1 3BR
- আমাদেরকে **hris@consumerfocus.org.uk** ঠিকানায় ই–মেইল করে
- আমাদের **www.hris.org.uk** ওয়েবসাইটে গিয়ে 'contact us' সংযুক্তিতে ক্লিক করে, অথবা
- আমাদেরকে **0141 226 5261** নম্বরে ফোন করে।

এই লিফলেটে দেওয়া তথ্য সঠিক রয়েছে তা নিশ্চিত করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করেছি। তবে, এটি শুধুমাত্র নির্দেশনার জন্য, তাই আইনের বিস্তারিত বিবরণ হিসেবে এটির ওপর নির্ভর করবেন না। আপনি আইনানুগ ব্যবস্থা নিতে চাইলে, কোনো সলিসিটর, সিটিজেন্স এডভাইস ব্যুরো বা অন্য কোনো পরামর্শদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করবেন।

Scottish Government Health Directorates−এর পক্ষে Consumer Focus Scotland−এর একটি প্রকল্প, Health Rights Information Scotland কর্তৃক প্রকাশিত।

এই লিফলেটটি অন্য ভাষায় বা ফরম্যাটে পেতে চাইলে আপনার স্থানীয় NHS বোর্ডকে ফোন করুন। এতে আপনার সাহায্যের দরকার হলে 0800 22 44 88 নম্বরে NHS Helpline−এর সাথে যোগাযোগ করুন (textphone 18001 0800 22 44 88)।

www.hris.org.uk